

পত্রিকা/সংবাদ মাধ্যমের নামঃ **দৈনিক পূর্বদেশ** তারিখঃ **৩ আগস্ট ২০২২**
বারঃ **বুধবার** বাংলা তারিখঃ **১৯ শ্রাবণ ১৪২৯** সংস্করণঃ
পাতা নংঃ **২৫** কলাম নংঃ **৩৫** মন্তব্যঃ

বুধবার
৩ আগস্ট ২০২২
১৯ শ্রাবণ ১৪২৯

দৈনিক
পূর্বদেশ
Dainik Purbodesh

ভাসা ফাউন্ডেশনের চিকিৎসাসেবা

ভোলাস্টারি একটিভিটিস ফর সোস্যাল অ্যান্ড হিউম্যান এডভান্সমেন্ট ফাউন্ডেশনের (ভাসা ফাউন্ডেশন) উদ্যোগে নগরীর বন্দর থানাধীন মুনসী-পাড়ার মনিরনগর এলাকায় দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর মাঝে বিনামূল্যে চিকিৎসাসেবা পরিচালনা করা হয়েছে। গত ২৭ জুলাই এলাকার জরিনা মফজ্জল সিটি কর্পোরেশন কলেজে এই চিকিৎসা ক্যাম্পেইন চালানো হয়। সরকারি ২৫০ শয্যা বিশিষ্ট নোয়াখালী সদর হাসপাতালের সহকারী রেজিস্টার ও বিশেষজ্ঞ চিকিৎসক ডা. অনুপম মজুমদারের নেতৃত্বে এই চিকিৎসা কার্যক্রম পরিচালিত হয়। এই কার্যক্রমে শতাধিক গরীব ও সুবিধাবঞ্চিত নারী-পুরুষ ও শিশুকে বিনামূল্যে চিকিৎসাসেবা দেয়া হয়। এতে প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী পরিমল কান্তি পাল বলেন, গরীব ও সুবিধাবঞ্চিত মানুষের জন্য বিনামূল্যে চিকিৎসাসেবা ভাসা ফাউন্ডেশনের অন্যতম চলমান কর্মকাণ্ড। এ কার্যক্রমে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের কর্মকর্তা সুদীপ্তা মজুমদার, অবিনাশ চন্দ্র পাল, মোহাম্মদ মানিক, জান্নাতুল ফেরদৌস, দিলুয়ারা বেগম প্রমুখ। বিজ্ঞপ্তি



ভাসা ফাউন্ডেশনের চিকিৎসাসেবা কার্যক্রমে চিকিৎসক ও সেবাস্বীকার